

**বিনা প্ররোচনায় পাকিস্তানের তরফে যুদ্ধ বিরতি লঙ্ঘন  
করে গুলি চালানোয় এক ভারতীয় জওয়ানের মৃত্যুর  
ঘটনায় পাকিস্তানের হাই কমিশনারকে সরকারি ভাবে  
তলব এবং কূটনৈতিক চরমপত্র প্রদান**

নয়াদিল্লিতে নিযুক্ত ভারতীয় হাই কমিশনার কাউন্সিলর তারিক করিমকে আজ সমন করে পররাষ্ট্রমন্ত্রক এবং ৮ অগস্ট, ২০১৭ সালে কৃষ্ণ ঘাঁটি সেক্টরে বিনা প্ররোচনায় যুদ্ধ বিরতি চুক্তি লঙ্ঘন করে পাকিস্তানী সেনার গুলি চালানোয় এক ভারতীয় জওয়ানের মৃত্যুর ঘটনার তীব্র নিন্দা করে তাঁকে কূটনৈতিক চরমপত্র দেওয়া হয়। ওই ঘটনার তীব্র ভাবে নিন্দা করা হয় এবং জানানো হয়েছে এই ধরণের প্রাণহানির ঘটনা অত্যন্ত দুঃখজনক।

নিয়ন্ত্রণ রেখা (এলওসি) এবং আন্তর্জাতিক সীমান্ত (আইবি) এলাকায় বিনা প্ররোচনায় যুদ্ধ বিরতি চুক্তি লঙ্ঘন করে বার বার পাকিস্তানী সেনার গুলি চালানোর ঘটনায় আমরা যে অত্যন্ত উদ্বিগ্ন, সে কথাও জানানো হয়েছে। শান্তি ও স্থিতাবস্থার জন্য ২০০৩ সালে যুদ্ধ বিরতি চুক্তি স্বাক্ষরিত হয়েছিল, তার পরও এ বছরে এখনও পর্যন্ত পাকিস্তানী সেনা বাহিনীর তরফে বিনা প্ররোচনায় ৩০১ বার যুদ্ধ বিরতি চুক্তি লঙ্ঘনের ঘটনা অত্যন্ত নিদর্শনীয়।

**নয়াদিল্লি**

অগস্ট ০৯, ২০১৭